# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২৫০

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - গরীবদের ফযীলত ও নবী (সা.) -এর জীবন-যাপন

اَلْفصْلُ الثَّنِفْ ـ (بَابُ فَضْلِ الْفُقَرَاءِ وَمَا كَانَ مِنْ عَيْشِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ)

---

আরবী

وَعَن قَتَادَة بن النُّعْمَان أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذا أحب الله عبداحماه الدُّنْيَا كَمَا يَظَلُّ أَحَدُكُمْ يَحْمِي سَقِيمَهُ الْمَاءَ» . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذِيّ

صحيح ، رواه احمد (لم اجده) و الترمذى (2036 وقال : حسن غريب) ـ (صَحِيح)

বাংলা

৫২৫০-[২০] কতাদাহ্ ইবনু নু’মান (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহ যখন কোন বান্দাকে ভালোবাসে তখন তাকে দুনিয়া হতে এমনভাবে হিফাযাত করেন যেমনিভাবে তোমাদের কেউ আপন (বিশেষ) রোগীকে পানি হতে বাঁচিয়ে রাখে। (আহমাদ ও তিরমিযী)

ফুটনোট

সহীহ : তিরমিযী ২০৩৬, সহীহ আত তারগীব ওয়াত্ তারহীব ৩১৮০, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৫৭০৫, সহীহ ইবনু হিব্বান ৬৬৯, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৪১৭৪, আল মুসতাদরাক লিল হাকিম ৭৪৬৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (حمى) শব্দের অর্থ রক্ষা করা, প্রতিরক্ষা, আশ্রয় দেয়া। হাদীসে উল্লেখিত (حماه الدُّنْيَا) এর অর্থ করতে গিয়ে ‘আল্লামাহ্ মুল্লা আলী আল কারী (রহিমাহুল্লাহ) বলেন :(حَفِظَهٗ مِنْ مَالِ الدُّنْيَاوَمَنْصِبِهٖ وَمَايَضُرُّبِدِينِهٖ فِي الْعُقْبٰى) অর্থাৎ আল্লাহ তাকে দুনিয়ার সম্পদ এবং পদ থেকে হিফাযত করেন; আর তার দীনের পথে পরকালের জন্য যা ত্রুটিপূর্ণ ও ক্ষতিকর তা থেকে তাকে হিফাযত করেন। আশরাফ (রহিমাহুল্লাহ) বলেন, তাকে দুনিয়া

থেকে বাধা দান করেন এবং দুনিয়ার রং তামাশার কলঙ্ক থেকে রক্ষা করেন। যাতে দুনিয়াপ্রীতি রোগে তার হৃদয় আক্রান্ত না হয়।
পানির অপর নাম জীবন, কিন্তু এমন অনেক রোগ রয়েছে যে রোগে আক্রান্ত ব্যক্তি পানি পানের আবেদন করলেও তাকে পানি দেয়া যায় না। কারণ পানি পান করলেই সে ধ্বংস হয়ে যাবে। আল্লাহ তা'আলার প্রিয় বান্দাদেরকে দুনিয়ার ধ্বংসশীল সম্পদ থেকে হিফাযাতের দৃষ্টান্ত ঠিক অনুরূপ। আল্লাহ তার কল্যাণ চেয়েই তাকে এ থেকে হিফাযাত করেন। (মিরক্বাতুল মাফাতীহ; তুহফাতুল আহওয়াযী ৫ম খণ্ড, হা. ২০৩৬; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩১৬ পৃ.)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ কাতাদাহ বিন নু’মান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85229

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন